



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৬

০৫ জুলাই ২০২২

তারিখঃ -----

২১ আষাঢ় ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

## আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ঢাকা মহানগরীর বিভিন্ন ব্যাংক শাখা/উপশাখায় স্বাভাবিক ব্যাংকিংসহ বর্ধিত সময়ে ব্যাংকিং কার্যক্রম চালু রাখা প্রসঙ্গে।

আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে ও ব্যবস্থাপনায় পরিচালিত কোরবানির পশুর হাটগুলোতে অধিক সংখ্যক ব্যবসায়ীর সমাগম ঘটে এবং বিপুল পরিমাণ নগদ অর্থের লেনদেন হয়ে থাকে। ফলে হাটগুলোতে আর্থিক লেনদেনের নিরাপত্তার বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ। উল্লেখ্য, কোরবানির পশুর হাটগুলোর নিকট দূরত্বেই বিভিন্ন ব্যাংকের শাখা/উপশাখা তাদের নিয়মিত কার্যক্রম পরিচালনা করে থাকে। হাটগুলোর নিকটবর্তী এসব শাখা/উপশাখা ব্যবহার করে কোরবানির পশু ব্যবসায়ীগণ তাদের পশু বিক্রয়ের অর্থ লেনদেনে ব্যাংকের সহায়তা গ্রহণ করতে পারেন। তাছাড়া, পশুর হাটে ব্যাংকের অস্থায়ী বুথ খোলা হলে ব্যবসায়ীগণ অর্থ লেনদেনে উক্ত বুথের সহায়তা গ্রহণ করতে পারেন।

০২। বর্ধিত প্রেক্ষিতে, আপনাদেরকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা যাচ্ছে:

- ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের কোরবানির পশুর হাটের (তালিকা সংযুক্ত) নিকটবর্তী শাখা/উপশাখা স্বীয় বিবেচনায় নির্বাচন করে উক্ত শাখা/উপশাখাসমূহে বিশেষ ব্যবস্থায় ০৭ জুলাই ২০২২ তারিখ পর্যন্ত বর্ধিত সময়ে (বিকাল ৬:০০ টা হতে রাত ৮:০০ টা পর্যন্ত) ব্যাংকিং কার্যক্রম চালু রাখা এবং ঈদ-উল-আযহার পূর্বের দুইদিন ৮ ও ৯ জুলাই ২০২২ (শুক্রবার ও শনিবার সাপ্তাহিক ছুটির দিন) উক্ত শাখা/উপশাখাসমূহে সকাল ১০:০০ টা হতে রাত ৮.০০ টা পর্যন্ত স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম চালু রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত করে কোরবানির পশুর হাটে স্বীয় বিবেচনায় অস্থায়ী বুথ স্থাপন;
- চলমান করোনা পরিস্থিতি বিবেচনায় কোরবানির পশুর হাটগুলোতে স্থাপিত বুথসহ সংশ্লিষ্ট শাখা/উপশাখায় আর্থিক লেনদেনের ক্ষেত্রে স্বাস্থ্যঝুঁকি মোকাবেলায় সর্বোচ্চ সতর্কতা অবলম্বন; এবং
- সংশ্লিষ্ট শাখা/উপশাখা/বুথগুলোতে অতিরিক্ত সময়ে দায়িত্ব পালনকারী কর্মকর্তা-কর্মচারীদের বিধি মোতাবেক ভাতা প্রদান।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)  
পরিচালক (বিআরপিডি)  
ফোনঃ ৯৫৩০২৫২

**ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন**  
**কোরবানীর পত্তন হাটের তালিকা/২০২২**

ক্রম	হাটের নাম ও অবস্থান	ধানার নাম	বিভাগ
১।	ইনস্টিটিউট অব লেদার টেকনোলজি কলেজ সংলগ্ন উন্মুক্ত এলাকা, হাজারীবাগ, ঢাকা	হাজারীবাগ	রমনা
২।	রহমতগঞ্জ খেলার মাঠ সংলগ্ন আশ-পাশের খালি জায়গা, লালবাগ, ঢাকা	চকবাজার	লালবাগ
৩।	লিটল ফ্রেন্ডস ক্লাব সংলগ্ন খালি জায়গা ও কমলাপুর স্টেডিয়াম সংলগ্ন বিশ্বরোডের আশ-পাশ খালি জায়গা, ঢাকা	মতিঝিল ও মুগদা	মতিঝিল
৪।	উত্তর শাহজাহানপুর খিলগাঁও রেলগেট বাজার এর মৈত্রী সংঘ ক্লাব সংলগ্ন আশে-পাশের খালি জায়গা, শাহজাহানপুর, ঢাকা	শাহজাহানপুর	
৫।	যেরাদিয়া বাজার সংলগ্ন আশে-পাশের খালি জায়গা, খিলগাঁও, ঢাকা	খিলগাঁও	
৬।	দনিয়া কলেজ সংলগ্ন আশ-পাশ খালি জায়গা, যাত্রাবাড়ী, ঢাকা	যাত্রাবাড়ী	ওয়ারী
৭।	ঘোলাইখাল ট্রাক টার্মিনাল সংলগ্ন উন্মুক্ত এলাকা, গেভারিয়া, ঢাকা	গেভারিয়া	
৮।	পোস্তগোলা শশ্যানঘাট সংলগ্ন আশ-পাশ খালি জায়গা, শ্যামপুর, ঢাকা	শ্যামপুর	
৯।	শ্যামপুর কদমতলী ট্রাক স্ট্যান্ড সংলগ্ন খালি জায়গা, কদমতলী, ঢাকা	কদমতলী	
১০।	আমুলিয়া মডেল টাউন এর আশ-পাশের খালি জায়গা, ডেমরা, ঢাকা	ডেমরা	
১১।	সারুলিয়া বাজার, ডেমরা, ঢাকা (স্থায়ী হাট)	ডেমরা	

**ঢাকা উত্তর সিটি কর্পোরেশন**  
**কোরবানীর পত্তন হাটের তালিকা/২০২২**

ক্রম	হাটের নাম ও অবস্থান	ধানার নাম	বিভাগ
১।	মোহাম্মদপুর বসিলাস্থিত ৪০ ফুট রাস্তার সংলগ্ন খালি জায়গা	মোহাম্মদপুর	তেজগাঁও
২।	ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট খেলার মাঠ		
৩।	উত্তরা ১৭ নং সেক্টরস্থিত বৃন্দাবন হতে উত্তর দিকে বিজিএমইএ পর্বত খালি জায়গা, তুরাগ, ঢাকা	তুরাগ	উত্তরা
৪।	কাওলা-শিয়ালডাঙ্গা সংলগ্ন খালি জায়গা, দক্ষিণখান, ঢাকা	দক্ষিণখান	
৫।	৪৪ নং ওয়ার্ডের অন্তর্গত কাচকুড়া ব্যাপারী পাড়ার রহমান নগর আবাসিক প্রকল্পের খালি জায়গা, উত্তরখান, ঢাকা	উত্তরখান	
৬।	ভাটারা (সহিদ নগর) পত্তন হাট, ভাটারা, ঢাকা	ভাটারা	গুলশান
৭।	৪৩ নং ওয়ার্ডের ৩০০ ফুট সড়ক সংলগ্ন উত্তর পার্শ্ব সালাম স্টিল ও যমুনা হাউজিং কোম্পানী এবং ব্যক্তি মালিকানাধীন খালি জায়গা, বিলক্ষেত, ঢাকা	ভাষানটেক	
৮।	বাজ্জা ইস্টার্ন হাউজিং (আফতাব নগর), ব্লক- ই, সেকশন- ৩ এর খালি জায়গা, বাজ্জা, ঢাকা	বাজ্জা	
৯।	ভাষানটেক বাজার রজনীগন্ধা সুপার মার্কেটের পিছনে অস্থায়ী পত্তনহাট, ভাষানটেক, ঢাকা	ভাষানটেক (ক্যান্টনমেন্ট বোর্ড)	
১০।	মিরপুর সেকশন- ৬, ওয়ার্ড নং- ৬ (ইস্টার্ন হাউজিং) এর খালি জায়গা, পল্লবী, ঢাকা	পল্লবী	
১১।	গাবতলী পত্তন হাট (স্থায়ী হাট), দারুসসালাম, ঢাকা	দারুসসালাম	